

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৫

১/ বিবিধ

আরবী

الحمد لله، دفن البنات من المكرمات

موضوع

أخرجه يعقوب الفسوي في " المعرفة " (3 / 159) والطبراني في " الكبير " (3 / 144 / 2) " والأوسط " (1 / 76 / 2) و " مسند الشاميين " (2408) والبزار (790 - زوائده) وأبو القاسم المهراني في " الفوائد المنتخبة " (3 / 26 / 1) والخطيب في " تاريخه " (5 / 57) والقضاعي في " مسند الشهاب " (15 / 2) وابن عساكر (1 / 216) و 8 / 503 / 1 و 11 / 262 / 1 و 15 / 159 / 2 و 16 / 25 / 2) من طريق عراك بن خالد بن يزيد عن عثمان بن عطاء عن أبيه عن عكرمة عن ابن عباس قال: لما عزي رسول الله صلى الله عليه وسلم على رقية امرأة عثمان ابن عفان قال: فذكره، وقال الطبراني: لا يروى عن النبي صلى الله عليه وسلم إلا بهذا الإسناد، وقال المهراني: غريب تفرد به عثمان بن عطاء، وهذا أولى من قول الطبراني المذكور فإنه مردود برواية ابن عدي إياه في " الكامل " (300 / 1) من طريق محمد بن عبد الرحمن بن طلحة القرشي حدثنا عثمان بن عطاء به، وأورده ابن الجوزي في " الموضوعات " (3 / 236) وقال: لا يصح، عثمان ضعيف وأبوه رديء الحفظ، وعراك ليس بالقوي، ومحمد بن عبد الرحمن ضعيف يسرق الحديث، قال: وسمعت شيخنا عبد الوهاب بن الأنماطي الحافظ يحلف بالله عز وجل أنه ما قال رسول الله صلى الله عليه وسلم من هذا شيئاً قط، وأقره السيوطي في "

الآليء " (2 / 438) ، ومع هذا فقد أورده في " الجامع الصغير " وتعقبه شارحه المناوي بما ذكرناه من الإقرار، ثم تناقض، فقال في التيسير إسناده ضعيف، والحديث أورده الصغاني أيضا في الموضوعات " (ص 8) ، وقد روي عن ابن عمر

বাংলা

১৮৫। আল-হামদুলিল্লাহ, মেয়েদের দাফন করা সন্মানজনক কর্ম সমূহের অন্তর্ভুক্ত।

হাদীসটি জাল।

এটি ইয়াকুব আল-ফাসাবী "আল-মা'রিফাহ" (৩/১৫৯) গ্রন্থে, তাবারানী "আল-মু'জামুল কাবীর" (৩/১৪৪/২), "আল-আওসাত" গ্রন্থে (১/৭৬২) ও "মুসনাদুশ শামেয়ীন" (২৪০৮) গ্রন্থে উল্লেখ করেছেন। এছাড়া বাযযার আবুল কাশিম আল-মেহরানী, খতীব বাগদাদী, কাযা'ঈ এবং ইবনু আসাকিরও আরাক ইবনু খালিদ ইবনে ইয়াযীদ সুত্রে উসমান ইবনু আতা হতে ... বর্ণনা করেছেন।

তাবারানী বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে এ সনদ ছাড়া অন্য কোন সনদে হাদীসটি বর্ণনা করা হয়নি। মেহরানী বলেনঃ এটি গারীব। উসমান ইবনু আতা এটিকে এককভাবে বর্ণনা করেছেন। ইবনুল জাওয় হাদীসটি "আল-মাওযু আত" গ্রন্থে (৩/২৩৬) উল্লেখ করে বলেছেনঃ এটি সহীহ নয়। উসমান দুর্বল। তার পিতা হেফযের দিক দিয়ে নিম্নমানের। আরাক ইবনু খালিদ শক্তিশালী নন। মুহাম্মাদ ইবনু আব্দির রহমান আল-কুরাশী দুর্বল, তিনি হাদীস চুরি করতেন। তিনি আরো বলেনঃ আমি আমার শাইখ আব্দুল ওয়াহাব ইবনু আনমাতী হতে শুনেছি; তিনি আল্লাহর নামে কসম করে বলেনঃ এ সংক্রান্ত বিষয়ে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনও কিছুই বলেননি।

সুযুতী তার (ইবনুল জাওয়ীর) এ বক্তব্যকে "আল-লাআলী" গ্রন্থে (২/৪৩৮) সমর্থন করেছেন। তা সত্ত্বেও তিনি "জামেউস সাগীর" গ্রন্থে হাদীসটি উল্লেখ করেছেন। এ কারণে "জামেউস সাগীর"-এর ভাষ্যকার মানবী তার সমালোচনা করেছেন।

সাগানী হাদীসটি তার "আল-মাওযুআত" গ্রন্থে (পৃঃ ৮) উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=5445>

হাদিসবিডিৰ প্রজেক্টে অনুদান দিন